

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড  
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪  
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০  
[www.dmtcl.gov.bd](http://www.dmtcl.gov.bd)



ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় মোট ১২৯.৯০১ কিলোমিটার (উড়াল ৬৮.৭২৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার) দীর্ঘ ও ১০৫টি স্টেশন (উড়াল ৫২টি এবং পাতাল ৫৩টি) বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে।

#### সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৪	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			উড়াল

#### MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে ২০.১০ কিলোমিটার দীর্ঘ প্রায় ২২,০০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে উত্তরা ৩য় পর্ব হতে মতিঝিল পর্যন্ত Mass Rapid Transit (MRT) Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজের সার্বিক গড় অগ্রগতি ৭৭.৮২%। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি ৯১.৪১%। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিঝিল অংশের পূর্ত কাজের অগ্রগতি ৭৭.০০%। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি ৭৭.২২%। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণে MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার নিমিত্ত Detailed Design পর্যন্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। ভূমি অধিগ্রহণের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

#### প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৯টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩১ মার্চ ২০২২ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এই প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এতে সরকারের ৭০ কোটি ৫৮ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-০২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়েছে। ডিপোর অভ্যন্তরে নির্মাণের জন্য নির্ধারিত মোট ৫২টি অবকাঠামোর মধ্যে ৪৪টি অবকাঠামোর নির্মাণ কাজ পরিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। ডিপো এলাকার অবশিষ্ট কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। পূর্ত কাজের অগ্রগতি ৯৯.০০%। সকল স্থাপনার চারপাশে একই ধরনের সিরামিক টাইলস্ দিয়ে স্থাপত্য শৈলীর নির্মাণ কাজের অগ্রগতি ৯৮.৫০%। Mechanical, Electrical and Plumbing (MEP) কাজের অগ্রগতি ৯৪.৫০%। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৯৭.৭৫%।

- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। ইতোমধ্যে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, টেস্ট পাইল, মূল পাইল, পাইল ক্যাপ, আই-গার্ডার, প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং, সকল পিয়ার হেড, ভায়াডাক্ট, ভায়াডাক্টের উপর প্যারাপেট ওয়াল স্থাপন, Long Span Balanced Cantilever নির্মাণ, সকল স্টেশনের Sub-structure, Concourse ছাদ, Platform ছাদ এবং Steel Roof Structure নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। উভয় প্যাকেজের আওতাধীন আইকনিক স্টেশনসহ সকল স্টেশনের Roof Sheet স্থাপন সম্পন্ন হয়েছে। উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ০৯টি স্টেশনের Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ এবং Entry-Exit Structure নির্মাণ কাজ চলমান আছে। তন্মধ্যে উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ ও পল্লবী স্টেশনের Entry-Exit Structure নির্মাণ কাজ শেষ পর্যায়ে আছে। এই প্যাকেজ দুটির সমন্বিত বাস্তব অগ্রগতি ৯০.২৫%।
- **প্যাকেজ-০৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এই অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, ট্রায়াল ট্রেঞ্চ, টেস্ট পাইল, স্থায়ী বোর্ড পাইল, পাইল ক্যাপ, পিয়ার কলাম, পিয়ার হেড, Portal Beam, স্টেশন কলাম ও ভায়াডাক্টের জন্য প্রিকাস্ট সেগমেন্ট, সকল Span, Special Long Span নির্মাণ, ভায়াডাক্ট Erection ও সকল প্যারাপেট ওয়াল স্থাপন সম্পন্ন হয়েছে। বর্তমানে বিজয় সরণি, ফার্মগেট ও কারওয়ান বাজার মেট্রোরেল স্টেশনত্রয়ের নির্মাণ কাজ চলমান আছে। বিজয় সরণি স্টেশনের কনকোর্স ও প্ল্যাটফর্ম লেভেল এবং ফার্মগেট ও কারওয়ান বাজার স্টেশনের রিটেইল, কনকোর্স ও প্ল্যাটফর্ম লেভেলের স্লাব কাস্টিং সম্পন্ন হয়েছে। বিজয় সরণি, ফার্মগেট ও কারওয়ান বাজার স্টেশনত্রয়ের Steel Roof Structure স্থাপন, Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। উত্তরা ডিপো এলাকায় নির্মাণাধীন Metro Rail Exhibition & Information Center-এর পূর্ত কাজের অগ্রগতি ৯৮.৭৫%। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৮১.৫২%।
- **প্যাকেজ-০৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ কাজ শুরু করা হয়েছে। বর্তমানে এই অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, ট্রায়াল ট্রেঞ্চ, টেস্ট পাইল, স্থায়ী বোর্ড পাইল, পাইল ক্যাপ, পিয়ার কলাম, পিয়ার হেড, Portal Beam, স্টেশন কলাম, ভায়াডাক্টের জন্য প্রিকাস্ট সেগমেন্ট নির্মাণ, সকল Span, Special Long Span নির্মাণ ও ভায়াডাক্ট Erection সম্পন্ন হয়েছে। মোট ৪৯৮৬টি প্যারাপেট ওয়ালের মধ্যে ৪৯৭৪টি প্যারাপেট ওয়াল নির্মাণ সম্পন্ন হয়েছে এবং ভায়াডাক্টের উপর ইতোমধ্যে ৪৬০৪টি প্যারাপেট ওয়াল স্থাপন করা হয়েছে। বর্তমানে শাহবাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ সচিবালয় ও মতিঝিল মেট্রোরেল স্টেশনসমূহের নির্মাণ কাজ চলমান আছে। শাহবাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ সচিবালয় ও মতিঝিল স্টেশনের সম্পূর্ণ কনকোর্স লেভেল এবং প্ল্যাটফর্ম লেভেলের স্লাব কাস্টিং সম্পন্ন হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ও মতিঝিল স্টেশনে Steel Roof Structure স্থাপন কাজ চলমান রয়েছে। এই প্যাকেজের আওতাধীন সকল স্টেশনে Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলছে। শাহবাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও মতিঝিল স্টেশনের Entry-Exit Structure কাজ চলমান আছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৮১.৯৭%।
- **প্যাকেজ-০৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। উত্তরা ডিপোতে রিসিভিং সাব-স্টেশন (RSS) এর পূর্ত কাজ শেষ করে বিদ্যুতায়নের কাজ সম্পন্ন করা হয়েছে। মতিঝিল রিসিভিং সাব-স্টেশন (RSS) এর ভবন নির্মাণ কাজ চলমান। ডিপো এলাকায় সকল রেল লাইন স্থাপনের কাজ, OCS Mast স্থাপন ও OCS ওয়্যারিং সম্পন্ন হয়েছে। ভায়াডাক্টে উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ২৫.২৩ ট্র্যাক-কিলোমিটার রেল লাইন স্থাপন সম্পন্ন হয়েছে। আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত ১৬.১৯ ট্র্যাক-কিলোমিটার রেললাইনের মধ্যে ৯.৯০ ট্র্যাক-কিলোমিটার স্থাপন এর কাজ সম্পন্ন হয়েছে। ভায়াডাক্টের উপর আগারগাঁও পর্যন্ত ট্র্যাকে OCS Mast স্থাপন এবং সম্পূর্ণ ওয়্যারিং (৩১.১৩ কিলোমিটার) সম্পন্ন হয়েছে। আগারগাঁও হতে ঢাকা বিশ্ববিদ্যালয় পর্যন্ত OCS Mast/Portal স্থাপন সম্পন্ন হয়েছে। উত্তরা থেকে পল্লবী পর্যন্ত সিগনালিং সিস্টেমের ইকুইপমেন্ট স্থাপন সম্পন্ন হয়েছে। মিরপুর-১১ থেকে আগারগাঁও পর্যন্ত সিগনালিং সিস্টেমের ইকুইপমেন্ট স্থাপনের কাজ চলছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৮৫.৫০%।
- **প্যাকেজ-০৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। সংগৃহীতব্য ২৪টি ট্রেন সেটের মধ্যে ১২টি ট্রেন সেট ইতোমধ্যে ঢাকার উত্তরাস্থ ডিপোতে পৌঁছেছে। মেট্রো ট্রেনগুলোর প্রয়োজনীয় কারিগরি পরীক্ষা ও Functional Test এবং Performance Test চলছে। গত ২৯ নভেম্বর

২০২১ তারিখ মিরপুর-১০ মেট্রো স্টেশন পর্যন্ত এবং গত ১২ ডিসেম্বর ২০২১ তারিখ আগারগাঁও পর্যন্ত Performance Test করা হয়েছে। প্রতিটি ট্রেনের ক্ষেত্রে এই Test সার্বিকভাবে সম্পন্ন করতে প্রায় ০৬(ছয়) মাসের প্রয়োজন হবে। Performance Test সম্পন্ন হওয়ার পর প্রায় ০৩(তিন) মাসের Integrated Test করা হবে। Integrated Test শেষে ও বাণিজ্যিক চলাচল শুরুর পূর্বে যাত্রীবহীন Trial Run করা হবে। ১৩তম ও ১৪তম ট্রেন সেট দু'টি জাপানের কোবে সমুদ্র বন্দর হতে জাহাজ যোগে বাংলাদেশের উদ্দেশ্যে যাত্রা শুরু করার সম্ভাব্য সময় এপ্রিল ২০২২ মাসের ১ম সপ্তাহ এবং বাংলাদেশে পৌঁছানোর সম্ভাব্য সময় মে ২০২২ মাসের ২য় সপ্তাহ। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ৭৩.৯১%।

- **প্যাকেজ-০৯ ( Enterprise Resource Management System):** Enterprise Resource Management System (ERMS) এর কাজ শুরু করার নিমিত্ত গত ২২ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক Kick off Meeting করা হয়েছে। Kick off Meeting এর সিদ্ধান্ত অনুসারে ERMS এর প্রাথমিক কার্যক্রম চলমান আছে।

### **MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল**

৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: **বিমানবন্দর** রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং **পূর্বাচল** রুট (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। বিমানবন্দর রুটের মোট দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট পাতাল স্টেশন সংখ্যা ১২টি। পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার। সম্পূর্ণ অংশ উড়াল এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে উড়াল। নতুন বাজার ও নন্দা স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে পাতাল নির্মিত হবে। নতুন বাজার স্টেশনে Inter-change থাকবে। এই Inter-change ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং পূর্বাচল রুট থেকে বিমানবন্দর রুটে যাওয়া যাবে। উভয় রুটের সকল বিস্তারিত Study, Survey ও Basic Design সম্পন্ন হয়েছে। বর্তমানে Detailed Design এর কাজ চলমান। Detailed Design কার্যক্রমের অগ্রগতি ৯২.০০%। MRT Line-1 এর নির্মাণ কাজের সকল দরপত্র দলিল প্রস্তুত কার্যক্রমের অগ্রগতি ৮৮.০০%। MRT Line-1 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ ও ব্রাহ্মণখালী মৌজার ৯২.৯৭২৫ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ ( এল এ কেইস নম্বর ১০/১৯-২০) কর্তৃক গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের জন্য প্রস্তাব বিজি প্রেসে প্রেরণ করা হয়েছে। গত ০৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখ জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ কর্তৃক কাগজে-কলমে বিবেচনাধীন ভূমির দখল বুঝিয়ে দেয়া হয়েছে। সহসাই বাস্তব দখল বুঝিয়ে দেয়া হবে। ভূমি অধিগ্রহণ কার্যক্রমের অগ্রগতি ৯২.০০%। প্রকল্পের নির্মাণকাজ তত্ত্বাবধানের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত RFP মূল্যায়ন প্রতিবেদন গত ২৬ জানুয়ারি ২০২২ তারিখ সম্মতির জন্য JICA-তে প্রেরণ করা হয়েছে। নির্মাণকাজ তত্ত্বাবধানের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ কার্যক্রমের অগ্রগতি ৮০.০০%। ডিপোর ভূমি উন্নয়ন সংক্রান্ত প্যাকেজ CP-01 এর কারিগরি দরপত্র মূল্যায়ন প্রতিবেদনের উপর গত ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখ JICA কর্তৃক সম্মতি প্রদান করা হয়েছে। ডিপোর ভূমি উন্নয়নের জন্য ঠিকাদারি প্রতিষ্ঠান নিয়োগ কার্যক্রমের অগ্রগতি ৮২.০০%। গত ০৯ ফেব্রুয়ারি ২০২২ তারিখ প্যাকেজ CP-05 ও CP-06 এবং ০৩ মার্চ ২০২২ তারিখ প্যাকেজ CP-04 এর প্রাক-যোগ্যতার (Prequalification) আবেদন আহ্বান করা হয়েছে। গত ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখ প্যাকেজ CP-12, গত ২৩ মার্চ ২০২২ তারিখ প্যাকেজ CP-09, CP-10, CP-11 এর প্রাক-যোগ্যতার দলিলাদি এবং গত ২২ ফেব্রুয়ারি ২০২২ তারিখ প্যাকেজ CP-03 এর সংশোধিত প্রাক-যোগ্যতার দলিলাদি JICA'র সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে। ঠিকাদারের প্রাক-যোগ্যতা আহ্বান কার্যক্রমের অগ্রগতি ৫০.০০%। বিমানবন্দর রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে।

### **MRT Line-5: Northern Route**

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত পাতাল ও উড়াল সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১৩.৫০ কিলোমিটার এবং উড়াল ৬.৫০ কিলোমিটার) ও ১৪টি স্টেশন (পাতাল ৯টি এবং উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর Feasibility Study ও Basic Design সম্পন্ন হয়েছে। বিভিন্ন সার্ভে, Detailed Design ও ভূমি অধিগ্রহণের কাজ চলছে। Detailed Design এর অগ্রগতি ৪৪.০০%। গত ২৪ মার্চ ২০২২ তারিখ ঢাকা জেলার সাভার উপজেলার বিলামালিয়া ও কোন্ডা মৌজায় প্রথম পর্যায়ে ৯৯.২৫০০ একর ভূমি অধিগ্রহণের প্রস্তাব মাননীয় প্রধানমন্ত্রী চূড়ান্ত অনুমোদন প্রদান করেছেন। ভূমি অধিগ্রহণ কার্যক্রমের অগ্রগতি ৫৩.২০%। বর্তমানে গণপূর্ত বিভাগ, বন বিভাগ ও স্থানীয় সাব-রেজিস্ট্রি অফিসের মাধ্যমে অধিগ্রহণাধীন জমির উপরিস্থিত অবকাঠামো, গাছপালা ও জমির মূল্যহার নির্ধারণের কার্যক্রম চলমান রয়েছে। এই রুটেই ঢাকার প্রথম পূর্ব-পশ্চিম MRT Corridor নির্মাণ করা হচ্ছে।

## **MRT Line-5: Southern Route**

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে দাশেরকান্দি পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১২.৮০ কিলোমিটার এবং উড়াল ৪.৬০ কিলোমিটার) এবং ১৬টি স্টেশন (পাতাল ১২টি এবং উড়াল ৪টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত প্রাক-সম্ভাব্যতা যাচাই সম্পন্ন করা হয়েছে। MRT Line-5: Southern Route এর Project Readiness Financing (PRF) এর নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গত ২১ এপ্রিল ২০২১ তারিখ নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান কাজ শুরু করেছে। Feasibility Study, বিভিন্ন ধরনের সার্ভে ও Basic Design এর কাজ চলমান রয়েছে। Feasibility Study'র অগ্রগতি ৯০.০০% এবং Basic Design কাজের অগ্রগতি ৫০.০০%।

## **MRT Line -2**

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে চট্টগ্রাম রোড পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে প্রায় ২৪ কিলোমিটার দীর্ঘ G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে জাপান ও বাংলাদেশ সরকার সহযোগিতা স্মারক স্বাক্ষর করেছে। এরই ধারাবাহিকতায় G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত জাপান ও বাংলাদেশের অংশগ্রহণে গত ২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখ চতুর্থ প্ল্যাটফর্ম সভা অনুষ্ঠিত হয়েছে। MRT Line-2 এর PPP Research সম্পন্ন করে গত মার্চ ২০২০ মাসে প্রতিবেদন দাখিল করা হয়েছে। নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান প্রিলিমিনারি স্টাডি করছে। প্রিলিমিনারি স্টাডি'র অগ্রগতি ৮৫.০০%। MRT Line-2 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর এবং কন্সট্রাকশন ইয়ার্ড নির্মাণের জন্য ঢাকা জেলার ডেমরা এলাকায় মাতুয়াইল ও দামড়িপাড়া মৌজায় গ্রীন মডেল টাউন এবং আমুলিয়া মডেল টাউন এর মধ্যবর্তী স্থানে মোট ৬৫ (পঁয়ষট্টি) হেক্টর ভূমি রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর Detailed Area Plan (DAP) 2016-2035 এ অন্তর্ভুক্ত করার প্রস্তাব গত ২৩ জুন ২০২১ তারিখ দাখিল করা হয়েছে।

## **MRT Line-4**

২০৩০ সালের মধ্যে কমলাপুর থেকে নারায়ণগঞ্জ জেলার মদনপুর পর্যন্ত মেট্রোরেল হিসেবে MRT Line-4 নির্মাণের নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা অনুসন্ধান করা হচ্ছে।